দৈনিক ইত্তেফাক

15

তারিখ ... 01 FEB 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6

৩০

# ছাত্র-ছাত্রীদের হাতে বিনামূল্যের পাঠ্যপুস্তক এখনো পৌছায় নাই

( ইত্তেফাক রিপোর্ট )

প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বিতরণের পাঠ্যপুস্তক এখনও শিক্ষার্থীদের হাতে পৌঁছায় নাই। দেশের প্রত্যন্ত অঞ্চল তো দূরের কথা, খোদ রাজধানী ঢাকা নগরীর বিদ্যালয়গুলিতেও পাঠ্যপুস্তক কেহ সংগ্রহ করিতে সক্ষম হয় নাই। গতকাল (বুধবার) নগরীর কয়েকটি স্কুলে যোগাযোগ করিয়া জানা যায়, প্রথম হইতে পঞ্চম পর্যন্ত প্রাথমিক শ্রেণীগুলিতে ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বিতরণের বই এখনও পাওয়া যায় নাই। তবে কোন কোন থানা শিক্ষা অফিসার স্কুলগুলিকে জানাইয়া দিয়াছে আজ (বৃহস্পতিবার) বা আগামীকাল (২য় পৃঃ দ্রঃ)

## বিনামূল্যের পাঠ্যপুস্তক

( ১ম পৃঃ পর )

(শুক্রবার) এই বই স্কুলগুলিতে পৌঁছানো হইবে।

গত মঙ্গলবার কারিকুলাম ও স্কুল টেকস্ট বুক বোর্ডের চেয়ারম্যানের সহিত যোগাযোগ করা হইলে তিনি জানান, গত সোমবার পর্যন্ত প্রাথমিক শ্রেণীগুলির ৪ কোটি ৩৪ লাখ ৭৮ হাজার বিনামূল্যের বই বিতরণের জন্য বোর্ড কর্তৃপক্ষ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিকট সরবরাহ করিয়াছে। তিনি আরও জানান, এ বছরের জন্য প্রথম হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের জন্য ৪ কোটি ৫৬ লাখ ৩৫ হাজার পাঠ্যপুস্তক উৎপাদনের জন্য বোর্ডকে দায়িত্ব দেওয়া হইয়াছিল। এই সকল বইই উৎপাদন শেষ হইয়াছে বহু আগে। এখন বিতরণের দায়িত্ব হইতেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর গ্রহণকৃত বইয়ের বাইরের প্রায় ২১ লাখ ৫৭ হাজার বইও বিতরণের জন্য প্রস্তুত রহিয়াছে। বোর্ড বইগুলি সংশ্লিষ্ট অধিদপ্তরকেই প্রদান করিতেছে। ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের দেরী সম্পর্কে বোর্ডের কিছুই জানা নাই। এদিকে গতকাল (বুধবার) অনেক চেষ্টা করিয়াও এব্যাপারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের ভাষ্য জানা সম্ভব হয় নাই।